# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৮০

১/ বিবিধ

আরবী

أوحى الله إلى عيسى عليه السلام يا عيسى آمن بمحمد وأمر من أدركه من أمتك أن يؤمنوا به، فلولا محمد ما خلقت آدم، ولولا محمد ما خلقت الجنة ولا النار، ولقد خلقت العرش على الماء فاضطرب فكتبت عليه: لا إله إلا الله محمد رسول الله، فسكن

لا أصل له مرفوعا

وإنما أخرجه الحاكم في " المستدرك " (2 / 614 - 615) من طريق عمرو بن أوس الأنصاري حدثنا سعيد بن أبي عروبة عن قتادة عن سعيد بن المسيب عن ابن عباس قال: فذكره موقوفا وقال: صحيح الإسناد، وتعقبه الذهبي بقوله: أظنه موضوعا على سعيد

قلت: يعني ابن أبي عروبة، والمتهم به الراوي عنه عمرو بن أوس الأنصارى، قال الذهبي في " الميزان يجهل حاله، وأتى بخبر منكر

ثم ساق له هذا الحديث وقال: وأظنه موضوعا، ووافقه الحافظ ابن حجر في " اللسان " فأقره

বাংলা

২৮০। আল্লাহ পাক ঈসা (আঃ) এর নিকট ওহী মারফত বললেনঃ হে ঈসা! মুহাম্মদের প্রতি ঈমান আন এবং তোমার উম্মতের মধ্য হতে যে ব্যাক্তি তাঁকে পাবে তাঁদেরকে তার প্রতি ঈমান আনার নির্দেশ দাও। কারণ মুহাম্মদ যদি না হত তাহলে আদমকে সৃষ্টি করতাম না। মুহাম্মদ যদি না হত তাহলে জান্নাত ও জাহান্নাম সৃষ্টি করতাম না।

অবশ্যই আমি পানির উপর আরশ সৃষ্টি করেছিলাম। অতঃপর সে (আরশ) অশান্ত হয়ে গেলে তার উপর লা-ইলাহা ইল্লালাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ লিখে দিলাম, ফলে সে শান্ত হয়ে গেল।

হাদীসটি জাল।

মারফু’ হিসাবে এটির কোন ভিত্তি নেই। হাকিম “আল-মুসতাদরাক” গ্রন্থে (২/৬১৪-৬১৫) আমর ইবনু আওস আনসারী সূত্রে ... বর্ণনা করে বলেছেনঃ এটির সনদ সহীহ। যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ আমার ধারণা এটি সাঈদের উপর জাল করা হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ অর্থাৎ সাঈদ ইবনু আবী আরুবার উপর। এ হাদীসটির ব্যাপারে সাঈদ হতে বর্ণনাকারী আমর ইবনু আওস আনসারী মিথ্যার দোষে দোষী। যাহাবী “আল-মীযান" গ্রন্থে বলেনঃ তার অবস্থা মাজহুল, তিনি মুনকার হাদীস নিয়ে এসেছেন। তিনি তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ আমার ধারণা এটি বানোয়াট। হাফিয ইবনু হাজার “লিসানুল মীযান” গ্রন্থে তার কথার সাথে একমত পোষণ করেছেন এবং তাকে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5540

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন